The Most Circulated Bengali Newspaper in North America

শুক্রবারের পত্রিকা | উত্তর-আমেরিকায় বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত

# সাপ্তাহিক আজকাল

find us online
www.ajkalusa.com
/weeklyajkal

The Weekly Ajkal | Vol.18, Issue 930 | 10 July 2026 | শুক্রবার ২৬ আষাঢ় ১৪৩৩



'Govt firmly committed to peaceful, swift resolve of Rohingya crisis'
→ Page 19

Trump blasts NATO for rejecting his efforts to claim Greenland
→ Page 18





Home Prices Will Increase Less Than Expected in 2026, New Forecast Shows
→ Page 19

Kamala Harris' Ex Boyfriend Makes Rare Comment
→ Page 18





# এমবাপ্পের নান্দনিক খেলায় জিতলো ফ্রান্স



## মতিউর রহমান চৌধুরী

*প্রখ্যাত সাংবাদিক ও দৈনিক মানবজমিন সম্পাদক বিশ্বকাপ ফুটবল উদ্বোধনী থেকেই কাভার করছেন মাঠ থেকে। নিউইয়র্কের পাঠকনন্দিত সাপ্তাহিক **আজকাল**-এর জন্য এবারের বিশ্বকাপে 'এমবাপ্পের নান্দনিক খেলায় জিতলো ফ্রান্স' সম্পর্কিত তাঁর বিশেষ লেখাটি প্রকাশিত হলো। তিনি প্রতি সপ্তাহেই বিশ্বকাপ ২০২৬ নিয়ে **আজকাল**-এর পাঠকদের জন্য লিখছেন। চোখ রাখুন **আজকাল**-এর পাতায়।*

পেনাল্টি মিস তাতে কী! এমবাপ্পে কি থেমে যাবেন। কিন্তু তিনি তো দমবার পাত্র নন। তার নান্দনিক খেলা অপেক্ষা করছিল। ঠিকই গোল বের করলেন অত্যন্ত দর্শনীয় এক শটে। বোস্টন স্টেডিয়ামে এমবাপ্পের শুরুটা বলছিল- খেলার ভাগ্য এভাবেই গড়াবে। মরক্কোর মাজরাউয়ি তাকে ফাউল করলে নাটকীয়ভাবে পেনাল্টির সুযোগটা আসে। কিন্তু এমবাপ্পে নিজেই শট নেন। আসলে এক ভয়ঙ্কর পেনাল্টি। দুর্বল শট। মরক্কোর গোলরক্ষক ইয়াসিন বুনু অতি সহজেই বল রুখে দেন। ৬০ মিনিট পর্যন্ত লড়াই করতে হয়। গোল আসে এমবাপ্পের কাছ থেকেই। এর মাত্র ছয় মিনিট পরেই উসমান দেম্বেলে আরেক গোল করে মরক্কোর হৃদয় ভেঙে দেন। তাদের স্বপ্ন উবে যায়। প্রথমার্ধে মরক্কোর খেলা দেখে মনে হয়েছিল, তারা আগে থেকেই হেরে বসে আছে। অথবা তাদের ভুল ট্যাকটিক্সে খেলার ছন্দ ছিল অনুপস্থিত। তারা কী ভেবেছিল ফ্রান্সকে রুখে এরপর ৩৯ পৃষ্ঠায়



# মিশরকে 'ডাকাতি' করে হারানো হয়েছে : মেয়র মামদানি

আজকাল রিপোর্ট

ফিফা বিশ্বকাপে বর্তমান চ্যাম্পিয়ন আর্জেন্টিনার কাছে বিতর্কিত হারে টুর্নামেন্ট থেকে মিশরের বিদায় নেওয়া নিয়ে মুখ খুলেছেন নিউইয়র্ক সিটির মেয়র জোহরান মামদানি। বিশ্বমঞ্চের শেষ ১৬-এর লড়াইয়ে মিশরের এমন পরাজয়কে 'ডাকাতি' বলে অভিহিত করে আফ্রিকান দেশটির প্রতি নিজের স্পষ্ট সমর্থন ব্যক্ত করেছেন তিনি।

৭ জুলাই মঙ্গলবার শেষ ষোলোর রুদ্ধশ্বাস লড়াইয়ে ৩-২ ব্যবধানে জয় পায় আর্জেন্টিনা। তবে ম্যাচের একাধিক সিদ্ধান্ত নিয়ে বিশ্বজুড়ে শুরু হয় তীব্র বিতর্ক। ম্যাচ শেষে মিশরের কোচ এবং এরপর ৩৯ পৃষ্ঠায়




# নিউইয়র্কে 'রাজাকার' নামে গাড়ির প্লেট

আজকাল রিপোর্ট

নিউইয়র্কে রাজাকার নামে গাড়ির প্লেট। তাও আবার দামি গাড়ি 'বিএমডব্লিউ'তে। গেল সপ্তাহে রাজাকার প্লেট নামের গাড়িটি জ্যাকসন হাইটসের বিভিন্ন রাস্তায় ঘুরছিল। গাড়ির প্লেট দেখে অনেকের মধ্যে কৌতুহল জাগে। গাড়িটি ৭৫ স্ট্রিটে এরপর ৩৬




# সাউথ এশিয়ান ইউনিটি প্যারেড ৯ আগস্ট

আজকাল রিপোর্ট

দক্ষিণ এশিয়ার বিভিন্ন দেশের সংস্কৃতি, ঐতিহ্য ও পারস্পরিক সম্প্রীতির বন্ধন আরও সুদৃঢ় করার লক্ষ্য নিয়ে আগামী ৯ আগস্ট নিউইয়র্কের কুইন্সে অনুষ্ঠিত হবে সাউথ এশিয়ান ইউনিটি প্যারেড ২০২৬। এবারের আয়োজনের হোস্ট কান্ট্রি বাংলাদেশ এবং উত্তর আমেরিকায় বসবাসরত বাংলাদেশিদের বৃহত্তম আমব্রেলা সংগঠন বাংলাদেশ সোসাইটি হোস্ট অর্গানাইজেশনের দায়িত্ব পালন করছে। এ উপলক্ষে বাংলাদেশ সোসাইটির উদ্যোগে নিউইয়র্কে এক সংবাদ সম্মেলনের মাধ্যমে আনুষ্ঠানিকভাবে প্যারেডের ঘোষণা দেওয়া হয়। অনুষ্ঠানে গণমাধ্যমকর্মী, কমিউনিটি নেতা, জনপ্রতিনিধি, বিভিন্ন সামাজিক, সাংস্কৃতিক, পেশাজীবী ও ব্যবসায়ী সংগঠনের প্রতিনিধিসহ বিপুলসংখ্যক অতিথি উপস্থিত ছিলেন। সংবাদ সম্মেলনে জানানো হয়, "এক অঞ্চল, এক সংস্কৃতি, এক এরপর ৫২ পৃষ্ঠায়

# ওজনপার্কে বাংলাদেশি রেস্টুরেন্টে দুষ্কৃতকারীদের বোমা নিক্ষেপ




আজকাল রিপোর্ট

নিউইয়র্ক সিটির ওজনপার্কের বাংলাদেশী খাবারের জন্য জনপ্রিয় রেস্টুরেন্ট বৈঠক খানা কিচেন অ্যান্ড সুইটস'-এ এরপর ৩৬ পৃষ্ঠায়

# নিউইয়র্কে আলোচনায় শামীম ওসমান



আজকাল রিপোর্ট

আলোচনায় শামীম ওসমান। নারায়নগঞ্জ-৪ আসনের সাবেক সাংসদ। বাংলাদেশের রাজনীতিতে আলোচিত ও সমালোচিত। 'খেলা হবে' বক্তব্যের কারণে শেখ হাসিনার শাসনামলে এরপর ২০ পৃষ্ঠায়

# শিশুদের জন্য ট্রাম্প অ্যাকাউন্ট'র আনুষ্ঠানিক যাত্রা শুরু

আজকাল রিপোর্ট

ইউএস ট্রেজারি ডিপার্টমেন্ট গত ৪ জুলাই ট্রাম্প অ্যাকাউন্টস অ্যাপের আনুষ্ঠানিক প্রবর্তনের ঘোষণা দিয়েছে। যা আমেরিকান পরিবারগুলিকে দেশের অর্থনৈতিক ভবিষ্যতে তাদের সন্তানের অংশীদারিত্ব এরপর ৪৩ পৃষ্ঠায়

# আশার বাণীতেই থাকলো যুক্তরাষ্ট্র বিএনপি





আজকাল রিপোর্ট

আশার বাণীতেই থাকলো যুক্তরাষ্ট্র বিএনপি। ২ যুগেরও বেশি সময় ধরে যুক্তরাষ্ট্র বিএনপি কমিটি গঠনের দাবি জানিয়ে আসছে। এমনকি ২০২৩ সালে লন্ডনে গিয়ে বিএনপি নেতারা তারেক রহমানকে এ অনুরোধ করেছিলেন। আশ্বাসের পরেও অনুরোধ থেকে যায় অধরায়। ৫ জুলাই এরপর ৪৩ পৃষ্ঠায়

এক্সিডেন্ট কেইসেস
ও
মেডিকেল ম্যালপ্র্যাক্টিস
বিনামুল্যে পরামর্শ
এটর্নি বাসায় ও হাসপাতালে নিয়ে যাবে
Call : +1(866) 664 6529
For appointments only

Computer Support/Job?
ডাটা রিকভারি, নেটওয়ার্কিং, AI সফটওয়্যার
ট্যাক্স কোর্স ও কম্পিউটারের চাকুরী
২৫ বছরের অভিজ্ঞ প্রফেশনালদের পরামর্শ ও সহায়তা নিন।
(929) 665 2500
Tired of Driving? Get office Job

BISMILLAH
HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
১০টি কালার (কালার চিকেন) চিকেন কিনলে ২টি ফ্রি
(অথবা ৩টি রেড হার্ড চিকেন ফ্রি)
৬টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ১টি ফ্রি
এখানে বাংলাদেশের সব ধরণের মাছ পাওয়া যায় ৩টি হার্ড চিকেন $20.99
নিউইয়র্ক শরীয়াহ বোর্ড অনুমোদিত SBNY
37-15 55th St. Woodside NY-11377. Phone: 718.205.7200
We accept all major credit cards
ফ্রি ডেলিভারী

সরকারী অনুদানে বাসা ও ব্যবসা প্রতিষ্ঠানে অত্যাধুনিক হিটিং ও এয়ারকন্ডিশন লাগাতে চান?
GREE MECHANICAL YONKERS
সরকারী অনুদানে $8000-$10000 ডলার।
বিস্তারিত জানতে কল করুন
914-222-9477, 914-989-0089
Gree Mechanical Yonkers
1900 Central Park Ave,Yonkers NY 10710
তোফায়েল চৌধুরী

MEGA insurance BROKERAGE
TLC UBER, LYFT, YELLOWCAB, BLACK CAR
ইন্স্যুরেন্সের জন্য নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
আমরা দিচ্ছি ফ্রি কোটেশন সুবিধা
TAXI-LIMOUSINE INSURANCE EXPERT
WE OFFER DMV/TLC SERVICES & CLAIMS
RAJIB AHMED
PRESIDENT & CEO
LICENSED REAL ESTATE EXPERT
DIRECT: 718-730-5290 OFFICE: 212-721-0001
32-47 57TH ST, WOODSIDE, NY 11377

MORTGAGE MORTGAGE MORTGAGE
PURCHASE OR REFINANCE
Call Nasir Today
TO SEE IF YOU CAN GET PRE APPROVED
917-400-5728
Nasiruddin M Laskar
NMLS ID 1312055

এসাইলাম সেন্টার/স্টপ ডিপোর্টেশন
আমেরিকায় গ্রীনকার্ড / বৈধতা নিয়ে আতঙ্কবিহীন জীবনযাপনে আমাদের সহায়তা নিন
রাজনৈতিক, ধর্মীয় ও সামাজিক বৈষম্যের প্রেক্ষিতে নিপীড়ন, নাগরিক অথবা মানবধিকার লঙ্ঘণের প্রেক্ষিতে একটি এসাইলাম কেইস হতে পারে আপনার গ্রীনকার্ড (স্থায়ী বাসিন্দা) পাওয়ার সহজতর রাস্তা।
কেন আমাদের কাছে আসবেন
★ আমেরিকায় এসে ইমিগ্রেশন নিয়ে কিছুই করেননি অথবা কিছু করে ব্যর্থ হয়েছেন তারা সত্তর যোগাযোগ করুন।
★ বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)-কে TIER (III) জঙ্গী সংগঠন হিসাবে বিবেচনা করায় তাদের নেতা ও কর্মীদের এসাইলাম কেইসগুলো একটু দুরূহ হলেও আমরা সফলতার সাথে অনেকগুলো মামলায় জয়লাভ করেছি। (বিএনপির সর্বাধিক কেইস আমরাই জয়লাভ করেছি।)
★ ১৯ জন ইউএস "এটর্নী অব ল" শুধুমাত্র ইমিগ্রেশন কেইসগুলোই করেন।
★ আমরা অত্যন্ত সফলতার সাথে অনকগুলো ডিপোর্টেশন কেইস করেছি।
★ ক্রিমিনাল কেইস/ফোরক্লোজার স্টপ/ডিভোর্স/ব্যাঙ্করাপসি/ল-স্যুট ইত্যাদি।
★ দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন আমেরিকা ATTORNEY-দের সাহায্য নিয়ে এই দেশে আপনার ভবিষ্যৎ নিশ্চিত করুন।
কেন আমরা অন্যদের চেয়ে আলাদা
আমেরিকার ৫০টি স্টেটে সফলতার সাথে ইমিগ্রেশন মামলা পরিচালনা করি
লিগ্যাল নেটওয়ার্ক ইন্টারন্যাশনাল, এল এল সি
আপনার আইনী সমস্যা সমাধানে আমরা অদ্বিতীয়
৩৭-৪৮ ৭২ স্ট্রীট, ২য় তলা, জ্যাকসন হাইটস্, নিউইয়র্ক ১১৩৭২
ই-মেইল: legalnetwork.us@gmail.com
ফোন: 917-722-1405 or 718-524-9777
All of our services are provided bz third-party professionals
Visit us : www.legalnetworkusa.com


NYSADC
NEW YORK SENIOR ADULT DAY CARE
NEW YORK SENIOR
ADULT DAYCARE
নিউইয়র্ক সিনিয়র এডাল্ট ডে কেয়ার
WE HAVE MOST PROMINENT MLTC CONTACT
healthfirst
elderplan
Anthem
Hamaspik
RiverSpring Living
MetroPlus Health
SWH
Senior Whole Health
SHAH NAWAZ MBA
PRESIDENT & CEO
FUHAD HUSSAIN
CCO
MOHAMMAD ZAHID ALAM
CFO
• We Provide Transportation for Pick-Up and Drop Off
• Both Halal and Vegetarian Food Option
A SISTER CONCERN OF SHAH NAWAZ GROUP
সর্বোচ্চ সেবার নিশ্চয়তা
CALL US NOW:
718-516-3425
SNG
SHAH NAWAZ GROUP
Design by: ihopeprint.com, 929-536-7903
CONTACT US:
Off: 718-516-3424
FAX: 646-568-6474
newyorksadc.com
intake@ny-sadc.com
116-33 Queens Blvd
Forest Hills, NY 11375
86-11 101 Avenue,
Ozone Park, NY 11416

# NY INSURANCE BROKERAGE INC

# আপনি কি TLC প্লেট নিতে চান??

**NY INSURANCE দিচ্ছে আপনাকে সেই সুযোগ**

যারা কোভিড-১৯ কালিন সময়ে (মার্চ ৭, ২০২০ থেকে সেপ্টেম্বর ১২, ২০২২)
প্লেট সারেন্ডার করেছেন কিন্তু নতুন করে প্লেট নেন নি,
তাদের জন্য টিএলসি নতুন করে প্লেট দিচ্ছে।

**এই সুযোগ গ্রহন করতে চাইলে NY INSURANCE-এ দ্রুত যোগাযোগ করুণ**

Design & Print by: Ihopeprint.com, 929-538-7903




**CONTACT US:**

SCAN ME

# 718-476-2025

71-16 35th Avenue, Jackson Heights, NY 11372
office@nyinsuranceb.com www.nyinsurancebrokerage.us

# ডোনাল্ড ট্রাম্পই কি যুক্তরাষ্ট্রের শেষ জায়নবাদী প্রেসিডেন্ট

ডেভিড হার্স্ট

মাত্র কয়েক সপ্তাহের ব্যবধানে ইসরায়েলে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের অবস্থান নাটকীয়ভাবে বদলে গেছে। তিনি সেখানে এতটাই ঘৃণিত যে ইসরায়েলের চিরশত্রু 'আমালেক'-এর তালিকায় তাঁর নাম উঠে এলেও অবাক হওয়ার কিছু থাকবে না।

ট্রাম্পের প্রতি সেখানে কী পরিমাণ ক্ষোভ কাজ করছে, তার একটি বড় উদাহরণ দেশটির প্রভাবশালী 'চ্যানেল ১৪'-এর প্রাইমটাইম শোর উপস্থাপক ইনন মাগাল। তিনি মার্কিন প্রেসিডেন্টকে সরাসরি 'শুজার' বলে অভিহিত করেছেন। এমনকি ট্রাম্পের জামাতা জ্যারেড কুশনার ও স্টিভ উইটকফকে 'ক্ষুদ্র ইহুদি' বলে কটাক্ষ করেছেন।

ইসরায়েলি রাজনৈতিক বিশ্লেষক ইয়াকভ বারদুগো মন্তব্য করেছেন, ট্রাম্প ও তাঁর ভাইস প্রেসিডেন্ট জেডি ভ্যান্স এখন আধুনিক যুগের 'চেম্বারলেন'-এ পরিণত হচ্ছেন। তিনি তাঁদের ১৯৩৮ সালে হিটলারের প্রতি ব্রিটিশ প্রধানমন্ত্রী নেভিল চেম্বারলেনের তোষণনীতির সঙ্গে তুলনা করেছেন। ডানপন্থী 'চ্যানেল ১৪'-এর সঞ্চালক শিমন রিকলিন এক্সে লিখেছেন, যুক্তরাষ্ট্র এখন ইতিহাসের সবচেয়ে দুর্বল অবস্থানে রয়েছে এবং ভবিষ্যতে কেউ তার মিত্র হতে চাইবে না।

বেনিয়ামিন নেতানিয়াহুর অত্যন্ত ঘনিষ্ঠ এই বিশ্লেষকদের সুর এখন ১৮০ ডিগ্রি ঘুরে গেছে। তাঁরা যাঁর বিষোদ্গার করছেন, তিনি প্রথম মেয়াদে গোলান মালভূমিকে ইসরায়েলের অংশ এবং জেরুজালেমকে দেশটির রাজধানী হিসেবে স্বীকৃতি দিয়েছিলেন। এমন আরও বহু উদ্যোগ নিয়েছিলেন।

**অনুগত থেকে 'বিশ্বাসঘাতক'**

গাজায় ইসরায়েলের আগ্রাসনের পক্ষে ট্রাম্প শুরু থেকেই শক্ত অবস্থান নিয়ে আসছেন। অন্যদিকে কুশনার ছিলেন তথাকথিত 'বোর্ড অব পিস'-এর মূল পরিকল্পনাকারী।

হোয়াইট হাউসের সিচুয়েশন রুমে নেতানিয়াহু ও মোসাদপ্রধান ডেভিড বার্নিয়ার ব্রিফিংয়ের পরেই যে ট্রাম্প ইরানের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণার সিদ্ধান্ত নিয়েছিলেন, তা নিয়ে দ্বিমত নেই। মার্কিন ইতিহাসে কোনো বিদেশি নেতার সিচুয়েশন রুমে প্রবেশের এটিই প্রথম ঘটনা। এর আগে ইসরায়েলের কোনো প্রধানমন্ত্রী মার্কিন প্রশাসনের এতটা কাছাকাছি আসতে পারেননি। অথচ আজ সেই ট্রাম্পকেই তারা 'বিশ্বাসঘাতক' বলে আখ্যা দিচ্ছে।

জায়নবাদের ইতিহাসে অবশ্য এমন ফাটল এটাই প্রথম নয়। ইতিহাস ঘাঁটলে দেখা যায়, জায়নবাদীরা বারবারই সেই পরাশক্তির বিরুদ্ধে অবাধ্য হয়েছে, যার ওপর তারা নিজেরা নির্ভরশীল ছিল।

দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর ইউরোপের শিবিরে আড়াই লাখ ইহুদি শরণার্থী আটকে থাকা অবস্থায় ব্রিটেন ফিলিস্তিনে এক লাখ ইহুদির অভিবাসনে নিষেধাজ্ঞা দেয়। এর প্রতিবাদে ইহুদি ভূগর্ভস্থ সশস্ত্র গোষ্ঠীগুলো একজোট হয়। ফলে ১৯৪৫ থেকে ১৯৪৮ সালের মধ্যে ফিলিস্তিনে ৭৮০ জনের বেশি ব্রিটিশ সেনা, পুলিশ ও বেসামরিক নাগরিক নিহত হন, যাঁদের বড় অংশকেই লক্ষ্যবস্তু বানিয়েছিল 'ইরগুন' এবং 'স্টার্ন গ্যাং' (লেহি)-এর মতো গোষ্ঠীগুলো।



অথচ এই ব্রিটেনই ১৯১৭ সালের 'বেলফোর ঘোষণা'র মাধ্যমে ইহুদিদের স্বতন্ত্র বাসভূমির প্রতিশ্রুতি দিয়ে আরবদের স্বাধীন রাষ্ট্রের অধিকার ক্ষুণ্ন করেছিল। সবচেয়ে ভয়াবহ হামলাটি ঘটে ১৯৪৬ সালের ২২ জুলাই জেরুজালেমের কিং ডেভিড হোটেলে, যা ছিল ব্রিটিশ প্রশাসনের সদর দপ্তর। সেই বোমা হামলায় ৯১ জন নিহত হন, যাঁদের মধ্যে ২৮ জন ছিলেন ব্রিটিশ নাগরিক। আজ পর্যন্ত ইসরায়েল সেই নিহত ব্যক্তিদের কবরকে সম্মান জানাতে অস্বীকৃতি জানালেও হোটেলে বোমা হামলার নেতৃত্বদাতাদের ঠিকই বীরের মর্যাদা দিয়ে আসছে।

এমনকি হলোকাস্টের সময় চার হাজারের বেশি ইহুদিকে মুক্ত করা সুইডিশ কূটনীতিক কাউন্ট ফোল্কে বার্নাডোটও এই ইহুদি সন্ত্রাসীদের হাত থেকে রেহাই পাননি। ইতিহাসের এই ধারা ইসরায়েলের ক্ষেত্রে বারবার ফিরে এসেছে।

সাবেক মার্কিন প্রেসিডেন্ট বারাক ওবামা ইসরায়েলকে তাঁর বিদায়ী উপহার হিসেবে ১০ বছর মেয়াদে ৩৮ বিলিয়ন ডলারের সামরিক সহায়তা দিয়েছিলেন, যা ছিল মার্কিন ইতিহাসের বৃহত্তম প্যাকেজ।

নেতানিয়াহুর আচরণ প্রসঙ্গে ইসরায়েলি ইতিহাসবিদ আভি শ্লাইম সে সময় ব্রিটিশ পত্রিকা দ্য গার্ডিয়ানে লিখেছিলেন, 'নেতানিয়াহু ওবামার এই উদারতার জবাব দিয়েছেন চরম অকৃতজ্ঞতা দিয়ে। তিনি ওবামাকে আক্রমণ করার কোনো সুযোগই হাতছাড়া করেননি।' তিনি আরও যোগ করেন, 'যে হাত আপনাকে খাওয়ায়, সেই হাতেই কামড় দেওয়ার এর চেয়ে বড় উদাহরণ আর হতে পারে না।'

সাবেক মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন ছিলেন উদারপন্থী জায়নবাদী। তিনিও একই আচরণের শিকার হন। জেনারেল আমোস গিলাদ লিখেছেন, নেতানিয়াহু যেভাবে বাইডেনকে নজিরবিহীনভাবে তিরস্কার করেছেন, তা চরম অকৃতজ্ঞতা এবং একটি প্রথম সারির কৌশলগত ব্যর্থতা।

**জায়নবাদের আসল রূপ**

অনেকের মতে, আমরা আসলে জায়নবাদের আসল 'শ্রেষ্ঠত্ববাদী' রূপটিই এখন উন্মোচিত হতে দেখছি। এমনকি নেতানিয়াহু সরকারের এরপর ৩৬ পৃষ্ঠায়



> মার্কিন রাজনীতিতে আইপ্যাকের প্রভাব নিয়ে আলোচনা করা এখন আগের চেয়ে অনেক বেশি গ্রহণযোগ্যতা পেয়েছে। কিন্তু ফিলিস্তিনিদের প্রতিরোধ, তাদের আত্মনিয়ন্ত্রণাধিকারের মৌলিক বিষয়গুলো এখনো মার্কিন নীতিনির্ধারণী মহলের 'ভদ্র ও গ্রহণযোগ্য' বিতর্কের কাঠামোর বাইরেই থেকে গেছে। নেতানিয়াহু বা তাঁর পরে যিনিই ক্ষমতায় আসুন না কেন, যুক্তরাষ্ট্রের ডানপন্থীদের কাছে ইসরায়েলকে পুনরায় আগের মতো গুরুত্বপূর্ণ করে তোলা মোটেও সহজ হবে না। ইরানের বিষয়ে সুবিধা করতে না পেরে নেতানিয়াহুর পরবর্তী পদক্ষেপ হতে পারে গাজাকে পুরোপুরি পুনর্দখল করার জন্য নতুন করে যুদ্ধ শুরু করা। কিন্তু গাজায় নতুন করে যেকোনো ধরনের রক্তপাত যুক্তরাষ্ট্রের উভয় রাজনৈতিক শিবিরের মধ্যেই তীব্র ঘৃণার উদ্রেক করবে

# ফুটবলে কেপ ভার্দের অর্জন, আমাদের শিক্ষা

চিররঞ্জন সরকার

> আমরা আর কতকাল অন্যের জয়ে নিজেদের ছাদে ভিনদেশি পতাকা ওড়াব? আমরা আর কতকাল শুধু আফসোসের দীর্ঘশ্বাস ফেলব? কেপ ভার্দে যদি মাত্র সাড়ে ৫ লাখ মানুষ আর এক আকাশ অভাব নিয়ে বিশ্বকে কাঁপিয়ে দিতে পারে, তবে ১৮ কোটি মানুষের বাংলাদেশ কেন পারবে না? ঘাটতি আমাদের স্কিলে নয়, ঘাটতি আমাদের মেরুদণ্ডে, আমাদের সদিচ্ছায় এবং আমাদের ফুটবল ব্যবস্থাপনায়। এখনো সময় আছে কেপ ভার্দের এই রূপকথা থেকে শিক্ষা নেওয়ার। জোড়াতালির সংস্কৃতি বাদ দিয়ে যদি তৃণমূল থেকে সঠিক প্রতিভা অন্বেষণ এবং প্রবাসী প্রতিভাদের সমন্বয় করা যায়, তবে হয়তো একদিন লাল-সবুজের জার্সি গায়েও কোনো এক 'ভোজিনহা' বিশ্বমঞ্চে বাংলাদেশের নাম উজ্জ্বল করবেন। সেই দিনের অপেক্ষায় বুক বাঁধাই এখন কোটি বাঙালি ফুটবলপ্রেমীর একমাত্র সান্ত্বনা!

কেপ ভার্দে আটলান্টিক মহাসাগরের বুকে জেগে থাকা মাত্র সাড়ে ৫-৬ লাখ মানুষের একটা পুঁচকে দ্বীপরাষ্ট্র। বছরখানেক আগেও বাংলাদেশের সিংহভাগ ফুটবলপ্রেমী হয়তো এই দেশটার নামও শোনেননি। না শোনাটাই স্বাভাবিক। বিশ্ব মানচিত্রে বুক ফুলিয়ে নিজেদের জাহির করার মতো কোনো অমূল্য রতন বা প্রাকৃতিক সম্পদ কেপ ভার্দের নেই। অর্থনৈতিকভাবে তারা এখনো পুরোপুরি স্বাবলম্বী নয়। বৈশ্বিক জিডিপির মাথাপিছু আয়ের নিরিখে বিশ্বে তাদের অবস্থান ১১৪ নম্বরে, হ্যাপিনেস ইনডেক্সে ১৩৫ আর ক্ষুধার সূচকে ৪৮ নম্বরে। এককথায় সবকিছুতেই তারা 'মধ্যবিত্ত'। না খুব ভালো, না খুব খারাপ। আমাদের চেনা-জানা অতি সাধারণ মধ্যবিত্ত পরিবারের মতোই যেন এই দেশটির যাপনচিত্র। ১০টি দ্বীপ নিয়ে গঠিত এই পুঁচকে দেশে বিশ্ববাসীকে তাক লাগানোর মতো কিছুই ছিল না।



কিন্তু সম্প্রতি পাশার দান উল্টে গেছে। যে কেপ ভার্দেকে কেউ কোনো দিন ধর্তব্যের মধ্যেই আনেনি, তারা আজ ফুটবল বিশ্বের সবচেয়ে বড় বিস্ময়। আজ তাদের দলে আছেন জোসিমার জসে এভোরা দিয়াজ-যাঁকে গোটা বিশ্ব এখন 'ভোজিনহা' নামে চেনে। আছেন সিডনি লোপেজ কাবরাল বা ডেরয় ডুয়ার্টেরা। মাঠের ৯০ মিনিটের লড়াইয়ে স্পেন, উরুগুয়ে কিংবা আর্জেন্টিনার মতো বিশ্ব ফুটবলের প্রবল পরাক্রমশালী জায়ান্টদের বিরুদ্ধে এঁরা যেভাবে বুক চিতিয়ে লড়েছেন, তাতে আজ পুরো ফুটবল বিশ্ব এই দলটির হার না-মানা মানসিকতাকে কুর্নিশ জানাচ্ছে। অখ্যাত, মধ্যবিত্ত এই দেশটি আজ গুগল সার্চের ট্রেন্ডিংয়ে একেবারে ওপরের সারিতে। বিশ্বজুড়ে কোটি কোটি মানুষ আজ বুঁদ হয়ে খুঁজছে-কে এই ভোজিনহা? কে এই কেপ ভার্দিয়ান, যাঁরা বিশ্বকাপে এসে এমন রূপকথা লিখছেন?

অথচ ভোজিনহাদের দেশের ভেতরের গল্পটা মোটেও রূপকথার মতো মসৃণ নয়, বরং তীব্র সংকটে তারা জর্জরিত। প্রথম সংকট হলো জনসংখ্যা। এত কম মানুষের দেশে খেলোয়াড় বাছাইয়ের জন্য 'ট্যালেন্ট পুল' বা প্রতিভার চারণভূমি বড্ড ছোট। দেশের ভেতরের ফুটবলের সামগ্রিক কাঠামো একেবারেই ভঙ্গুর। ঘরোয়া শীর্ষ লিগটি কিছুদিন আগপর্যন্তও পুরোপুরি পেশাদার ছিল না। এখন কাগজে-কলমে পেশাদার লিগ চালু হলেও দেশে প্রকৃত পেশাদার ফুটবলারের সংখ্যা হাতে গোনা। উন্নতমানের বড় স্টেডিয়াম নেই, আধুনিক সুযোগ-সুবিধা তো দুরস্ত। সবচেয়ে বড় সংকট হলো দেশের অর্থনৈতিক অনটন। নিজ দেশে ভালো রোজগারের অভাব এতটাই তীব্র যে দেশের মোট জনসংখ্যার সমপরিমাণ মানুষ জীবিকার তাগিদে বিশ্বের বিভিন্ন দেশে ছড়িয়ে-ছিটিয়ে আছেন।

এই চরম বাস্তবতার প্রভাব পড়েছে তাদের ফুটবল দলেও। কেপ ভার্দে দলের অধিকাংশ ফুটবলারই আসলে প্রবাসী, যাঁরা ইউরোপের বিভিন্ন দেশে বড় হয়েছেন বা খেলছেন। দেশের ফুটবলের করুণ দশা বোঝাতে একটি তথ্যই যথেষ্ট যে, গোলরক্ষক ভোজিনহার নাম আজ বিশ্বজুড়ে ফুটবলপ্রেমীদের মুখে মুখে, এই মুহূর্তে তাঁর নিজের কোনো ক্লাবও নেই! তিনি ফ্রি এজেন্ট। বিশ্বকাপ নামক এই মহাযজ্ঞ শেষ করে দেশে ফিরে তাঁর ফুটবলার ক্যারিয়ারের ভবিষ্যৎ কী হবে, কোন ক্লাবে তিনি খেলবেন, তা তিনি নিজেও জানেন না। এতসব 'নেই'-এর মাঝে দাঁড়িয়েও তারা বিশ্বমঞ্চে বুক চিতিয়ে লড়ছে এবং জিতছে।

ঠিক এই জায়গাতেই একজন বাঙালি হিসেবে, বাংলাদেশের একজন ফুটবল অনুরাগী হিসেবে আমাদের মনে এক তীব্র ও রক্তাক্ত প্রশ্ন জাগে-কেপ ভার্দের যা আছে, তা কি আমাদের নেই? নাকি আমাদের যা আছে, তা কেপ ভার্দেরও নেই?

আসুন একটু খতিয়ে দেখি। আমাদের জনসংখ্যা প্রায় ১৮ কোটি। আমাদের দেশের আনাচকানাচে, গ্রামগঞ্জে প্রতিভার কোনো অভাব নেই। টেকনাফ থেকে তেঁতুলিয়া যেকোনো প্রত্যন্ত অঞ্চলে বিকেলে একটু চোখ ফেরালেই দেখা যায় শয়ে শয়ে কিশোর-তরুণ কাদামাটি মাখিয়ে ফুটবল নিয়ে মেতে আছে। আমাদের ফুটবল নিয়ে যে আবেগ, তা বিশ্বের যেকোনো ফুটবল পরাশক্তিকে টেক্কা দিতে পারে। আর্জেন্টিনা বা ব্রাজিল বিশ্বকাপ জিতলে বাংলাদেশের মানুষ যেভাবে উন্মাদনায় ভাসে, তা ফিফা পর্যন্ত স্বীকৃতি দিতে বাধ্য হয়েছে। এমনকি ঘরোয়া ফুটবলে ঢাকা আবাহনী আর মোহামেডানের সেই সোনালি অতীতের উন্মাদনার কথা আমরা ভুলে যাইনি। অর্থনৈতিক সক্ষমতার দিক থেকেও বাংলাদেশ আজ আর পিছিয়ে নেই। জিডিপির আকার কিংবা মেগা প্রজেক্ট বাস্তবায়নের সক্ষমতায় আমরা কেপ ভার্দের চেয়ে বহুগুণ শক্তিশালী রাষ্ট্র। আমাদের আধুনিক স্টেডিয়াম আছে, সরকার থেকে শুরু করে করপোরেট স্পনসরদের বিপুল অর্থের জোগান দেওয়ার সামর্থ্য আছে। তবু কেন আমরা পারি না? ফিফা র‍্যাঙ্কিংয়ে আমরা কেন বছরের পর বছর ১৫০ বা ১৭০-এর ঘরের গোলকধাঁধায় আটকে থাকি? কোথায় আমাদের আসল ঘাটতি?

আমাদের ঘাটতি কি তবে ফুটবল স্কিলের, নাকি বুক চিতিয়ে লড়াই করার মানসিকতার? উত্তরটা লুকিয়ে আছে আমাদের ফুটবল সংস্কৃতি, দূরদর্শিতা এবং সঠিক ব্যবস্থাপনার অভাবের মধ্যে।

প্রথমত, কেপ ভার্দে তাদের সীমাবদ্ধতাকে শক্তিতে রূপান্তর করেছে। তাদের সম্পদ কম, এরপর ৩৯ পৃষ্ঠায়



# বিশ্বকাপে রাজনীতির আঁচড়! বিতর্কে ম্লান হচ্ছে ফুটবলের সৌন্দর্য?

> “ফিফার মনে রাখা উচিত, প্রযুক্তি ফুটবলকে সাহায্য করার জন্য এসেছে; ফুটবলকে নিয়ন্ত্রণ করার জন্য নয়। রেফারি যদি প্রতিটি গুরুত্বপূর্ণ মুহূর্তে নিজের সিদ্ধান্তের বদলে ভিডিও মনিটরের ওপর নির্ভর করেন, তাহলে মাঠের কর্তৃত্ব হারিয়ে যায়। আর যখন দর্শকের আলোচনার কেন্দ্রবিন্দু হয়ে ওঠে রেফারির বাঁশি, খেলোয়াড়ের গোল নয়-তখন বুঝতে হবে কোথাও না কোথাও ফুটবলের সৌন্দর্য হারিয়ে যাচ্ছে। বিশ্বকাপকে যদি সত্যিই বিশ্বের সবচেয়ে মর্যাদাপূর্ণ ক্রীড়া আসর হিসেবে ধরে রাখতে হয়, তাহলে ফিফাকে শুধু নিরপেক্ষ থাকার দাবি করলেই চলবে না; সেই নিরপেক্ষতার দৃশ্যমান প্রমাণও দিতে হবে। অন্যথায় ইতিহাস হয়তো ২০২৬ বিশ্বকাপকে অসাধারণ ফুটবলের জন্য নয়, বরং বিতর্ক, বিতণ্ডা এবং প্রশ্নবিদ্ধ সিদ্ধান্তের বিশ্বকাপ হিসেবেই মনে রাখবে”

আহসান হাবিব বরুণ



ফুটবল একসময় ছিল আবেগের ধর্ম, বিশ্বকাপ ছিল সেই ধর্মের মহাউৎসব। যেখানে জয়-পরাজয় নির্ধারণ করত খেলোয়াড়ের নৈপুণ্য, কোচের কৌশল এবং মাঠের লড়াই। কিন্তু ২০২৬ সালের বিশ্বকাপ যত এগোচ্ছে, ততই মনে হচ্ছে বলের চেয়ে বাঁশির ক্ষমতা বড় হয়ে উঠেছে, খেলোয়াড়ের চেয়ে বেশি প্রভাবশালী হয়ে উঠেছেন ভিডিও রুমে বসে থাকা কর্মকর্তারা, আর ফুটবলের চেয়ে শক্তিশালী হয়ে উঠেছে রাজনীতি ও প্রশাসনিক নিয়ন্ত্রণ।

এমন বিশ্বকাপ ফুটবলপ্রেমীরা দেখতে চায়নি। বিশ্বকাপ শুরু হওয়ার আগেই বিতর্কের জন্ম। ভিসা জটিলতা, ইমিগ্রেশন হয়রানি, অ্যাক্রিডিটেশনধারী সাংবাদিক ও কর্মকর্তাদের প্রশাসনিক সমস্যায় পড়তে হওয়া এবং বিভিন্ন দেশের প্রতিনিধিদলের ভ্রমণ বিঘ্নিত হওয়া প্রমাণ করেছে-বিশ্বকাপের মঞ্চেও ভূরাজনীতির ছায়া স্পষ্ট। ফিফা সবসময় বলে, 'ফুটবল সবার'। কিন্তু বাস্তবতা যেন বলছে, সবাই সমান নয়।

আর মাঠে খেলা শুরু হওয়ার পর বিতর্ক যেন বিস্ফোরণের রূপ নেয়। প্রযুক্তি মানুষের ভুল কমানোর জন্য এসেছিল। কিন্তু ভিএআর আজ এমন এক অস্ত্রে পরিণত হয়েছে, যার ব্যাখ্যা একেক ম্যাচে একেক রকম। একই ধরনের ফাউলে এক ম্যাচে পেনাল্টি, অন্য ম্যাচে খেলা চলতে থাকে। একই ধরনের অফসাইড এক জায়গায় ধরা পড়ে, অন্য জায়গায় উপেক্ষিত হয়। এতে প্রযুক্তির নিরপেক্ষতা নয়, বরং তার প্রয়োগের ধারাবাহিকতাই প্রশ্নবিদ্ধ হচ্ছে।

বেলজিয়াম-সেনেগাল ম্যাচটি সেই বিতর্কের সবচেয়ে বড় উদাহরণ। অতিরিক্ত সময়ের একেবারে শেষ মুহূর্তে দেওয়া পেনাল্টি শুধু একটি ম্যাচের ফল বদলায়নি; কোটি দর্শকের মনে প্রশ্ন তুলে দিয়েছে-বিশ্বকাপে কি সত্যিই মাঠের লড়াইয়ে জয়-পরাজয় নির্ধারিত হচ্ছে?



গ্যারি নেভিল বলেছেন, এটি কোনোভাবেই পেনাল্টি ছিল না। রয় কিন সিদ্ধান্তটিকে অপ্রয়োজনীয়ভাবে কঠোর বলেছেন। জ্লাতান ইব্রাহিমোভিচ আরও এক ধাপ এগিয়ে মন্তব্য করেছেন, সেনেগালকে "ডাকাতি" করা হয়েছে। এগুলো ব্যক্তিগত মতামত হলেও, যখন বিশ্বের বিভিন্ন দেশের সাবেক খেলোয়াড় ও বিশ্লেষকেরা একই সিদ্ধান্ত নিয়ে প্রশ্ন তোলেন, তখন বিতর্ক আর বিচ্ছিন্ন থাকে না।

শুধু সেনেগাল নয়। জার্মানির বাতিল হওয়া গোল, ইরানের অফসাইড সিদ্ধান্ত, ঘানার সম্ভাব্য পেনাল্টি না পাওয়া-সব মিলিয়ে প্রশ্ন উঠেছে, এই বিশ্বকাপে রেফারিংয়ের মান কি সত্যিই বিশ্বমানের?

বিশ্বকাপের প্রথম বাঁশি বাজার পর থেকেই একজন দর্শক হিসেবে আমার মনে হচ্ছে, কয়েকটি নির্দিষ্ট দলকে জেতানোর লক্ষ্য নিয়েই মাঠ দাপিয়ে বেড়াচ্ছে ফিফা। কারণ যে ফাউলে একজন খেলোয়াড়কে হলুদ কিংবা লাল কার্ড দেখাচ্ছে রেফারি। সেই একই অপরাধে মেসিরা থেকে যাচ্ছে ধরাছোঁয়ার বাইরে! সার্বিক প্রেক্ষাপটে মনে হচ্ছে, ফুটবলের সৌন্দর্য রক্ষার বদলে ব্যবসায়িক স্বার্থ ও মুনাফার দিকেই বেশি নজর ফিফার।

সবচেয়ে উদ্বেগের বিষয় হলো, প্রতিটি বিতর্কের পর ফিফার নীরবতা। যে সংস্থা স্বচ্ছতা ও ন্যায্যতার কথা বলে, সেই সংস্থাই বিতর্কিত সিদ্ধান্তগুলোর ব্যাখ্যা দিতে অনাগ্রহী। ভিএআর কক্ষে কী আলোচনা হয়েছে, কোন যুক্তিতে সিদ্ধান্ত বদলানো হয়েছে-এসব বিষয়ে দর্শকদের সামনে কার্যকর স্বচ্ছতা নেই। ফলে সন্দেহ আরও গভীর হয়।

বিশ্বকাপ কোনো পরীক্ষাগার নয়, যেখানে কোটি কোটি মানুষের আবেগ নিয়ে প্রতিনিয়ত পরীক্ষা-নিরীক্ষা চলবে। এটি এমন একটি আসর, যেখানে প্রতিটি বাঁশি ইতিহাস লিখে দেয়, একটি সিদ্ধান্ত কোটি মানুষের কান্না কিংবা উল্লাসের কারণ হয়। সেই সিদ্ধান্ত যদি ধারাবাহিকভাবে প্রশ্নবিদ্ধ হয়, তাহলে হার শুধু একটি দলের নয়-হার ফুটবলের।

ফিফার মনে রাখা উচিত, প্রযুক্তি ফুটবলকে সাহায্য করার জন্য এসেছে; ফুটবলকে নিয়ন্ত্রণ করার জন্য নয়। রেফারি যদি প্রতিটি গুরুত্বপূর্ণ মুহূর্তে নিজের সিদ্ধান্তের বদলে ভিডিও মনিটরের ওপর নির্ভর করেন, তাহলে মাঠের কর্তৃত্ব হারিয়ে যায়। আর যখন দর্শকের আলোচনার কেন্দ্রবিন্দু হয়ে ওঠে রেফারির বাঁশি, খেলোয়াড়ের গোল নয়-তখন বুঝতে হবে কোথাও না কোথাও ফুটবলের সৌন্দর্য হারিয়ে যাচ্ছে। বিশ্বকাপকে যদি সত্যিই বিশ্বের সবচেয়ে মর্যাদাপূর্ণ ক্রীড়া আসর হিসেবে ধরে রাখতে হয়, তাহলে ফিফাকে শুধু নিরপেক্ষ থাকার দাবি করলেই চলবে না; সেই নিরপেক্ষতার দৃশ্যমান প্রমাণও দিতে হবে। অন্যথায় ইতিহাস হয়তো ২০২৬ বিশ্বকাপকে অসাধারণ ফুটবলের জন্য নয়, বরং বিতর্ক, বিতণ্ডা এবং প্রশ্নবিদ্ধ সিদ্ধান্তের বিশ্বকাপ হিসেবেই মনে রাখবে।

লেখক: সাংবাদিক, কলামিস্ট, রাজনৈতিক বিশ্লেষক ও সম্পাদক, আমার দিন।



# এটর্নী মঈন চৌধুরী LAW OFFICES

## Toll Free: 1-866-MOIN-LAW
## Cell: 917-282-9256
**(To schedule appointment only)**


Michael Taub, Esq.


Moin Choudhury, Esq.

**এক্সিডেন্ট কেইসেস-মেডিক্যাল ম্যালপ্রেক্টিস**
**বিনামূল্যে পরামর্শ**
**প্রয়োজনে এটর্নী বাসায় বা হাসপাতালে আসবেন**


- গাড়ী এক্সিডেন্ট
- কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
- বিল্ডিং এ দূর্ঘটনা
- স্লিপ এন্ড ফল
- ট্রিপ এন্ড ফল
- হাসপাতালে ভুল চিকিৎসা
- বিকলাঙ্গ শিশুর জন্ম
- লেড পয়জনিং
- কাজের জায়গায় দূর্ঘটনা

**IMMIGRATION**
(Consultation fee applies)







**ক্লায়েন্টেদের জন্য আমরা মিলিয়ন মিলিয়ন ডলার আদায় করে দিয়েছি**


Attorney Michigan Only.


Attorney Michigan Only.


Attorney New Jersey Only


Attorney, Buffalo New York Only


Attorney Connecticut Only


Attorney Pennsylvania Only

**WWW.MOINLAW.COM**

Prior result does not guarantee future outcome of any cases. Moin Choudhury is admitted in Michigan State only and also admitted in the Supreme Court of the United States. Michael Taub is admitted in New York State Only and also admitted in the NY Federal District Courts.

# রাশিয়া-ইউক্রেন যুদ্ধের ভবিষ্যৎ

তাহলে কি এভাবেই অস্ত্রের মাধ্যমে ড্রোন ও মিসাইল ব্যবহারের মাধ্যমে কি শেষ হবে এই যুদ্ধ। এ রকম যদি চলতে থাকে, একটা কথা নির্দ্বিধায় বলা যায়, রাশিয়া ইউক্রেনের অর্ধেকের বেশি দখল করে নেবে। রাশিয়ার মূল শক্তি হলো রাশিয়া যেসব জায়গা দখল করে নেয়, সেসব জায়গার মানুষও রাশিয়ার পক্ষে থাকে, কেননা তারা সবদিক থেকেই সচ্ছলতা ফিরে পেতে চায়। এর কারণ হলো, একই জাতিগোষ্ঠীর মধ্যে যুদ্ধ চলছে, রাশিয়া দখল করে নিচ্ছে সেসব অঞ্চল, যেসব অঞ্চলের বেশির ভাগ মানুষই রাশিয়ার পক্ষে থাকতে পছন্দ করে। তাই দখলকৃত অঞ্চল থেকে রাশিয়া তেমন অভ্যন্তরীণ কোনো প্রতিরোধ পাচ্ছে না, বরং সব জায়গা থেকেই রাশিয়ানদের স্বাগত জানানো হচ্ছে। এখন দেখার ব্যাপার এই যুদ্ধ কীভাবে শেষ হয়? এই যুদ্ধ বন্ধ করতে বিশ্বের সব পরাশক্তি মনে হয় ব্যর্থই হচ্ছে

আব্দুর রাজ্জাক



২০২২ সালের ২৪ ফেব্রুয়ারি রাশিয়া ইউক্রেন যুদ্ধ শুরু হয়েছিল। যুদ্ধ শুরুর পর থেকে তৎপরতা চলছিল আলাপ-আলোচনার মাধ্যমে এর পরিসমাপ্তি ঘটানো যায় কি না। যুদ্ধ শুরুর এক মাসের মাথায় উভয় পক্ষ শান্তি সমঝোতা খুঁজতে মিলিত হয়েছিল তুরস্কে। দুই পক্ষের মধ্যে সামনাসামনি আলোচনা হয়েছিল। করমর্দন করতে না দেখা গেলেও বিশ্ববাসী দেখেছে, দুই পক্ষই হাত উঁচু করে মুষ্টিবদ্ধভাবে এক পক্ষ অন্য পক্ষকে স্বাগত জানিয়েছে। তবে দুই পক্ষের পরনে ছিল সামরিক পোশাক। সাধারণ মানুষ আশা করেছিল এবার শান্তি ফিরে আসবে। কিন্তু শান্তি ফেরানোর জন্য চাই বৃহৎ শক্তির সদিচ্ছা। এই চার বছরের যুদ্ধের সবকিছু পর্যালোচনা করলে শুভবুদ্ধির মানুষ অবশ্যই একটা ব্যাপার লক্ষ করবেন, পশ্চিমা শক্তিগুলো বা ন্যাটো কি আসলেই ইউক্রেনের ভালো চায়। এটা একটা বড় প্রশ্ন? কারণ গত চার বছরে দেখা গেছে, ন্যাটো শক্তি, সামর্থ্য ও সাহায্য দিয়েও ইউক্রেনের পক্ষে তেমন কোনো ফল বয়ে আনতে পারেনি। আবার রাশিয়ার পক্ষ থেকে প্রথমের দিকে মনে হয়েছিল তারা কয়েক মাসের মধ্যে ইউক্রেন দখল করে নেবে, সেটাও সম্ভব হয়নি।

সম্প্রতি দেখা গেল, কয়েক দিন ধরে উভয় পক্ষই পাল্টাপাল্টি ড্রোন হামলা করছে। ইউক্রেনের পক্ষ থেকে বলা হয়েছে, রাশিয়া ঝাঁকে ঝাঁকে শত শত ড্রোন নিক্ষেপ করছে কিয়েভের সাধারণ জনবসতির ওপর। আবার রাশিয়াও একই অভিযোগ করছে, বেসামরিক অঞ্চলে ইউক্রেন ড্রোন হামলা করে সাধারণ মানুষের জানমালের ক্ষতি করছে, বিশেষ করে বেলগ্রাদ অঞ্চলে। তবে সবচেয়ে লক্ষণীয় হলো, উভয় পক্ষই একে অন্যের জ্বালানি ব্যবস্থাপনার ওপরে ড্রোন হামলা চালাচ্ছে। রাশিয়াও ইতিমধ্যে কিয়েভের আশপাশে বেশ কয়েকটি জ্বালানি স্থাপনার ওপর হামলা করেছে। ফলে প্রায় পাঁচ লাখ মানুষ বিদ্যুৎবিহীন হয়ে পড়েছিল কিয়েভ এবং এর আশপাশের ছোট ছোট শহরে। একইভাবে ইউক্রেনও রাশিয়ার অভ্যন্তরে তাদের জ্বালানির সরঞ্জামাদি রক্ষণাবেক্ষণ ও সংরক্ষণাগারে ড্রোন হামলা চালিয়েছে।

গালফ অব ফিনল্যান্ডকে ব্যবহার করে লেনিনগ্রাদের জ্বালানি স্থাপনার ওপর ইউক্রেন হামলা করেছে। কিছুদিন আগে ফিনল্যান্ড ন্যাটোর সদস্যপদ পেয়েছে। এখন যদি গালফ অব ফিনল্যান্ডকে ন্যাটো ব্যবহার করে রাশিয়ার দ্বিতীয় বৃহত্তর শহর লেনিনগ্রাদকে আক্রমণ করে, তাহলে অবাক হওয়ার কিছুই থাকবে না। ইতিমধ্যে লেনিনগ্রাদে ইউক্রেন আক্রমণ করেছে, বিশেষ করে জ্বালানি স্থাপনার ওপরে। লেনিনগ্রাদ থেকে ফিনল্যান্ডের বর্ডার বেশি দূরে নয়। ইংল্যান্ডের সঙ্গে রাশিয়ার ১২০০ কিলোমিটার বর্ডার আছে। একসময় ফিনল্যান্ড রাশিয়ার অন্তর্ভুক্ত ছিল। বর্তমানে সেই ফিনল্যান্ড ন্যাটোর সদস্য হয়েছে। এখন কথা চলতেছে ফিনল্যান্ডে ন্যাটোর পক্ষ থেকে পারমাণবিক অস্ত্র মোতায়েন করা হবে। ন্যাটোর পক্ষ থেকে যদি ফিনল্যান্ডে পারমাণবিক বোমা স্থাপন করা হয়, তাহলে রাশিয়ার দ্বিতীয় বৃহত্তর শহর সেন্ট পিটার্সবার্গ বা লেনিনগ্রাদ ঝুঁকির মধ্যে পড়বে। আবার লেনিনগ্রাদ থেকে মস্কোর দূরত্ব মাত্র ৫০০ কিলোমিটার। রাশিয়া এখন এই পরিস্থিতিকে কীভাবে দেখবে, সেটা দেখার ব্যাপার। ইউক্রেন রাশিয়ার একেন্দার মিসাইল যে শহরে তৈরি হয় সেই তথকিন শহরেও ড্রোন হামলা চালিয়েছে।

এত কিছুর পরেও রাশিয়া কিন্তু তার অগ্রযাত্রা থেকে পশ্চাৎপদ হয়নি। রাশিয়া ধীরে ধীরে পশ্চিম দিকে অগ্রসর হচ্ছে। রাশিয়া দানেস্ক ও লুহানস্ক অঞ্চলকে অনেক আগেই নিজের অংশ করে নিয়েছে। এখানে গণভোটের মাধ্যমে ওই অঞ্চলের মানুষ যে রাশিয়ার পক্ষে থাকতে চায়, ওই অঞ্চল দুটি রাশিয়ার অবিচ্ছেদ্য অংশ, তার প্রমাণও দিয়েছে। সেখানে গণভোটে ৯০ শতাংশের বেশির ভাগ মানুষ রাশিয়ার সঙ্গে থাকার আগ্রহ দেখিয়েছে।

এখন রাশিয়ার সৈন্যরা ইউক্রেনের গুরুত্বপূর্ণ সমুদ্র থেকে জাপোরিঝিয়ার দিকে তাদের অবস্থান পাকাপোক্ত করতে চাইছে। ইতিমধ্যে জাপোরিঝিয়ার বেশ কিছু অঞ্চল রাশিয়া দখল করে নিয়েছে। পুরোপুরি দখলের জন্য রাশিয়া এখন পরিকল্পনা করছে।


ইউক্রেনের সবচেয়ে সমৃদ্ধিশালী অঞ্চল হলো দানেস্ক, জাপোরিঝিয়া, খারকভ ও লুহানস্ক। বলতে গেলে ইউক্রেনের একমাত্র সমুদ্রবন্দর ওদেসা, সেটিও ঝুঁকির মধ্যে পড়তে যাচ্ছে। ন্যাটোর শত চেষ্টাও রাশিয়ার অগ্রগতি প্রতিরোধ করা যাচ্ছে না।

২ জুলাই ইউক্রেনের সবচেয়ে বড় পরাজয় হয়েছে, কৌশলগত গুরুত্বপূর্ণ ও বৃহৎ শহর কনসটান্টিনভকার পতনের মাধ্যমে। ছয় মাস যাবৎ এই শহরের দখল নিয়ে লড়াই চলছিল। ইউক্রেন কোনোভাবেই এই শহরকে তাদের হাতছাড়া করতে চাচ্ছিল না। রাশিয়াও ছিল নাছোড়বান্দা। হাঁটি হাঁটি পা পা করে ছয় মাস যুদ্ধ করে এই শহর তাদের দখলে এখন। কনসটান্টিনভকা এমন একটি শহর, এটা দখলে থাকলে, পরবর্তী সময়ে ইউক্রেনের দ্বিতীয় বৃহত্তর শহর খারকভ দখলে নেওয়ার পথ সুগম হবে। অন্যভাবে বলা যায়, কনসটান্টিনভকা যার দখলে থাকবে, খারকভের ওপর দখলদারির পথ তাদের জন্য সহজ হবে। এ শহর দখলের পরে রাশিয়া আশপাশের বেশ কয়েকটি ছোট ছোট গ্রাম দখল করে নিয়েছে। পরিস্থিতি এমন দাঁড়িয়েছে যে এই কনসটান্টিনভকা শহরের দখল ও বেদখল নিয়ে ভয়ানক যুদ্ধ হয়েছে। এতে উভয় পক্ষের অনেক সৈন্য প্রাণ হারিয়েছেন। তবে ইউক্রেনের এরপর ২৮ পৃষ্ঠায়



# বিশ্বকাপ ফুটবল সমাচার

সেলিম জাহান



'আপনি কোন দলের সমর্থক?' চায়ের কাপটি আমার সামনে নামিয়ে রাখতে রাখতে জিজ্ঞেস করলেন বন্ধুপত্নী। কিছুদিন আগের কথা। বিশ্বকাপ নিয়ে বাঙালি-আবেগ একেবারে তুঙ্গে-তা সে ঢাকাতেই হোক কিংবা লন্ডনে। আমি এসেছি বন্ধুর বাড়িতে একটু গল্প করতে, একটু চা খেতে। মাঝেমধ্যেই আসি এখানে। দম্পতিটি ভারী পছন্দের আমার-স্বামী, স্ত্রী দুজনেই। দীর্ঘদিনের পরিচয়। স্বামীটি আমার ছোটবেলার বন্ধু-স্ত্রীটিও পরিচিত ৫০ বছর ধরে, তাঁদের বিয়ের সময় থেকে। একটি ছেলে আর একটি মেয়ে তাঁদের-দুজনেই সুপ্রতিষ্ঠিত জীবনে। তারি নিটোল শিক্ষিত, রুচিশীল এবং মায়াময় একটি পরিবার।

বন্ধুপত্নীর প্রশ্ন শুনে বন্ধুর চোখে চোখ রাখি, একটু মৃদু কাশি, বাইরে চোখ ফিরিয়ে তাকার শেষ বিকেলের এলিয়ে পড়া ডিম-কুসুম রঙের রোদ দেখি। জানি, এ প্রশ্ন একটি সাদামাটা সরল নির্দোষ প্রশ্ন নয়। এত দিনে শিখে গেছি যে এর পরতে পরতে জিলেপির প্যাঁচ আছে। আমার সর্বতো মূল্যায়ন এই প্রশ্নে আমার উত্তরের ভিত্তিতেই হবে। সুতরাং সাবধান হয়ে গেলাম। মনে মনে আমার কৌশল ঝালিয়ে নিতে থাকি। বুঝতে পারি, এ প্রশ্নের তিনটি সম্ভাব্য জবাব হতে পারে।

প্রথমত, আমি সত্যি কথাটাই বলতে পারি যে আমি কোনো দলের সমর্থক নই। কারণ, ফুটবলে আমার উৎসাহ বড় কম। কিন্তু এটি আমার জন্য সাতিশয় বিপজ্জনক। এটা বললে বন্ধুপত্নী হয়তো ভাববেন যে আমি সৃষ্টিছাড়া এক লোক। বর্তমান বিশ্বে আমি বেমানান। সমাজে আমার গ্রহণযোগ্যতা নিয়ে প্রশ্নবিদ্ধ হব আমি। কেউ কেউ আমাকে নির্বোধও ভাবতে পারেন। 'নির্বোধ' প্রশ্নে কারও কারও শঙ্খ ঘোষের 'পাগল' কবিতার চার লাইনও মনে হতে পারে-

'হাওড়া ব্রিজের চূড়োয় উঠুন,
নীচে তাকান ঊর্ধ্বে চান-
দুটোই মাত্র সম্প্রদায়
নির্বোধ আর বুদ্ধিমান।'

দ্বিতীয়ত, বানিয়ে বানিয়ে আমি যেকোনো একটি দেশের সমর্থক বনে যেতে পারি। যেমন বলতে পারি, আমি জার্মানির সমর্থক। ওই দেশটি যে খেলছে, অন্তত সেটুকু জানি। কিন্তু সেখানে বিপদ হচ্ছে যে বন্ধুপত্নী যদি সে দেশটির সমর্থক না হন, তাহলে দ্বিতীয় কাপ চা মিলবে না এই সন্ধ্যায়। খাবারের কথা তো দূরের কথা। সে এক বিরাট ক্ষতি আমার জন্য। কারণ, বন্ধুপত্নী ডাকসাইটে রাঁধুনি। আজ সন্ধ্যায় এটা-সেটা চাখব ভেবেছিলাম। একটি বিরূপ জবাব দিয়ে সেই সম্ভাবনাকে নষ্ট করতে পারি না। সুতরাং এ কৌশলও বাদ।

তৃতীয়ত, তাঁর প্রশ্ন তাঁকেই ফিরিয়ে দেওয়া। আমিই তাঁকে জিজ্ঞেস করতে পারি, তিনি কোন দলের সমর্থক এবং তাঁর উত্তরটা জেনে নিয়ে সেটাই তাঁকে ফেরত দেওয়াই বুদ্ধিমানের কাজ হতে পারে। হ্যাঁ, এটিই হবে আমার কৌশল। বড় আরাম বোধ করলাম।

এরপর স্মিতমুখে বন্ধুপত্নীর দিকে তাকিয়ে বললাম, 'আপনি তো খেলা সম্পর্কে অনেক জানেন। আপনি কোন দলের সমর্থক?' এই স্বীকৃতিতে তাঁর চোখে সন্তুষ্টির আভা দেখা যায় একটা। 'আমি?' স্বামীর দিকে আড়চোখে তাকিয়ে একটু গর্বিত গলায় বললেন, 'আমি তো আর্জেন্টিনার সমর্থক।' পেয়ে গেছি আমার উত্তর। সঙ্গে সঙ্গে বললাম, 'বলেন কী! আমিও তো'। সারা মুখ তাঁর উদ্ভাসিত হয়ে ওঠে। তাই! আমার ব্যাপারে পরম সন্তুষ্ট তিনি, 'মেসি খুব ভালো না?'

এবার একটু বিপদ ঘনায় আমার। কিছুতেই 'মেসি' কে? তা মনে করতে পারি না। বারবার মনে হতে থাকে নিউইয়র্কের বিরাট কিংবদন্তি দোকান 'মেইসি'র কথা। ঈশ্বর আমাকে বাঁচিয়ে দেন।

সে মুহূর্তে মনে পড়ে যায় একটি নাম-'ম্যারাডোনা'। সঙ্গে সঙ্গে বলে উঠি, 'হ্যাঁ, হ্যাঁ। মেসি তো ম্যারাডোনারই যোগ্য উত্তরসূরি।' বন্ধুপত্নীর অবয়বের প্রসন্নতায় বুঝতে পারি, আমি ছক্কা হাঁকিয়েছি।

'কী যে সুন্দর কথা বলেছেন', উচ্ছ্বসিত হয়ে ওঠেন বন্ধুপত্নী। 'শুনুন, আপনি রাতে খেয়ে যাবেন কিন্তু', আহ্লাদের আদুরে গলায় বলেন তিনি। 'তারপর আমরা সবাই মিলে আর্জেন্টিনা আর অস্ট্রিয়ার খেলা দেখি টিভিতে।'

আবারও সতর্ক হয়ে বন্ধুপত্নীর প্রস্তাব আমি বিবেচনা করি। প্রস্তাবের প্রথম অংশ প্রত্যাখ্যান করার প্রশ্নই ওঠে না। বন্ধুপত্নীর রন্ধনকুশলতা জনে জনে জানা। বিশ্বকাপের ক্ষেত্রে এ বাড়ির মেরুকরণের কারণে প্রস্তাবের দ্বিতীয় অংশ থেকে দূরে থাকাই বুদ্ধিমানের কাজ।

'খেয়ে যাব নিশ্চয়। আপনার হাতের রান্না খেয়ে যাব না, তা কি হয় নাকি?' আশ্বস্ত করি বন্ধুপত্নীকে। 'কিন্তু খেলার জন্য তো থাকতে পারব না। আগেই যে অমুককে কথা দিয়েছি, ওর সঙ্গে বসে খেলা দেখব। আর্জেন্টিনার আরেক গোঁড়া সমর্থক কিনা!' জানাই তাঁকে। কথা আমার মাটিতে পড়তে পারে না, তার আগেই সেটা ধরেন বন্ধুপত্নীটি। 'হতেই হবে। যাদেরই একটু-আধটু বুদ্ধিসুদ্ধি আছে, তারাই আর্জেন্টিনাকে সমর্থন করবে।' আড়চোখে ভুরু-ভঙ্গি করলেন ভদ্রমহিলা, স্বামীর দিকে তাকিয়ে। তারপর হৃষ্ট মুখে উঠে গেলেন আমাদের খাবারের ব্যবস্থা করতে।

পর্দার আড়ালে স্ত্রীর চেহারাটি মিলিয়ে যেতেই বন্ধুটি আমার ওপর রাগে ফেটে পড়ল। 'ফুটবল খেলার তুই কী বুঝিস? খালি বড় বড় কথা বললি! এরপর ৩৯ পৃষ্ঠায়





পুরো প্রক্রিয়ায় আমি 'লাইনসম্যানের' কাজ করেছি, কিন্তু 'রেফারির' দায়িত্ব পালন করিনি। সবকিছুর পরে বেরিয়ে এসেছি পথে, বাড়িই আপাতত গন্তব্যস্থল। মনে মনে ভাবলাম, বিশ্বকাপ তো আমাদের আগাপাছতলা গ্রাস করেছে- ঢুকে পড়েছে আমাদের অন্দর মহলে সুতানলি সাপের মতন। ঠিক সে সময়ে মুঠোফোনের নীলচে পর্দায় ভেসে উঠল ছোট্ট খবর, আর্জেন্টিনা প্রথম গোলটি করেছে। গোলটি দিয়েছেন মেসি। বাড়ির দরজায় যখন আমি তালা খুলছি, তখনই মুঠোফোনে দেখি, অস্ট্রিয়ার বিরুদ্ধে দ্বিতীয় গোলটি হলো। কে দিল? কে আবার? ওই ব্যাটা মেসিই। বুঝতে পারলাম যে আমার বন্ধুর বাড়িতে এতক্ষণে তৃতীয় বিশ্বযুদ্ধ শুরু হয়ে গেছে। ভাগ্যিস, ঠিক সময়ে বন্ধুগৃহ ত্যাগ করেছি। স্বস্তির নিশ্বাস ফেললাম একটা। বাঁচা গেল। আমি বাঁচলাম হয়তো, কিন্তু আমার বন্ধুটি?

# দেশে যাওয়ার পথে কম খরচে ওমরাহ করে যেতে পারেন

## স্পেশাল ওমরাহ প্যাকেজ $১৫৫০



- ওমরাহ প্যাকেজ
- ওমরাহ ভিসা
- মোয়াল্লেম
- হোটেল ও ট্রান্সপোর্ট



## বিশ্বের সকল দেশের ভিসা প্রসেসিং করা হয়



Mohammad B Hossain (Belal)
President & CEO

সবচেয়ে কমদামের গ্যারান্টি আমরাই দিচ্ছি

**৭৪৯**
JFK-Dhaka-JFK Return

আমরা IATA অনুমোদিত | আমরা ARC অনুমোদিত

DELTA AIR LINES | Biman BANGLADESH AIRLINES | AmericanAirlines | ETIHAD AIRWAYS | QATAR AIRWAYS | Emirates | KUWAIT AIRWAYS



## বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট

# BANGLA TRAVELS
## JACKSON HEIGHTS NEW YORK

আমরা বিভিন্ন এয়ার লাইন্সের স্টক হোল্ডার

বাংলাদেশ থেকে আসার টিকেট সবচেয়ে কম দামে আমাদের কাছেই পাবেন।


আবু তাহের খান
ট্রাভেল কনসালটেন্ট


কাঞ্চন
ট্রাভেল কনসালটেন্ট


জামান রঞ্জু
ট্রাভেল কনসালটেন্ট


কে.এম. শহিদ
ট্রাভেল কনসালটেন্ট


মাহির
ট্রাভেল কনসালটেন্ট


জাহাঙ্গীর
ট্রাভেল কনসালটেন্ট


নিলয়
ট্রাভেল কনসালটেন্ট

**NEW YORK OFFICE**
73-05 37th Road,
Jackson Heights
NY 11372

**ATLANTA OFFICE**
4229 1st Ave, Suite B,
Tucker, GA 30084
Tel: 404-704-7753

**DHAKA OFFICE**
Floor #03, House #09
Road # 17, Block-E,
Banani, Dhaka-1213
+88 01711256872

**Phone: 917-396-4140, 917-592-7828**

# বাংলাদেশের জন্য সুবর্ণ সুযোগ

মেজর (অব.) মনজুর কাদের

সম্রাট নেপোলিয়ন বলেছিলেন, 'চীনকে ঘুমাতে দাও; যখন সে জেগে উঠবে, সে বিশ্বকে কাঁপিয়ে দেবে।' তিনি ১৮১৭ সালে লর্ড অ্যামহার্স্টকে এ মন্তব্যটি করেছিলেন। লর্ড আমহার্স্ট ছিলেন ব্রিটিশ কূটনীতিক ও ঔপনিবেশিক প্রশাসক। তিনি ১৮২৩ থেকে ১৮২৮ সাল পর্যন্ত ব্রিটিশ ভারতের গভর্নর জেনারেল হিসাবে দায়িত্ব পালন করেন। ব্রিটিশ-ভারতের প্রতিবেশী ছিল চীন। আমহার্স্টকে তিনি সতর্ক করে দিয়ে বলেছিলেন, 'যদি চীনের বিশাল জনসংখ্যার সঙ্গে সম্পদ সুষ্ঠুরূপে সংগঠিত হয়, তবে দেশটি বিদ্যমান বৈশ্বিক ক্ষমতার ভারসাম্যকে আমূলভাবে পরিবর্তন করবে।'

**চীনের সঙ্গে যুক্তরাষ্ট্রের বাণিজ্য যুদ্ধ শুরু :** নেপোলিয়নের এ উক্তিটি পড়ার সময় হয়তো মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের মনে হয়নি অথবা পড়ে থাকলেও পাত্তা দেননি। ট্রাম্প তার নিজের দেশে ১৯৭০-এর দশকে নির্মিত 'দ্য ইনক্রেডিবল হাল্ক' টেলিভিশন সিরিজে, ডক্টর ডেভিড ব্যানারের (বিল বিক্সবি অভিনীত) সংলাপও ভুলে গিয়েছিলেন। কঠিনভাবে সতর্ক করে ব্যানার তার প্রতিপক্ষকে বলেছিলেন : 'মিস্টার ম্যাকগি, আমাকে রাগাবেন না। আমি রেগে গেলে আপনি আমাকে পছন্দ করবেন না।' তাই তিনি প্রথম মেয়াদে প্রেসিডেন্ট হিসাবে শপথ নেওয়ার পরপরই (২০১৭ সালে) চীনের বাণিজ্য কৌশলের বিষয়ে তদন্তের নির্দেশ দেন। এরপর ২০১৮ সালের মার্চ মাসে তিনি চীন থেকে আমদানিকৃত পণ্যের ওপর বিশাল অঙ্কের শুল্কারোপের ঘোষণা দেন, যা একই বছরের জুলাই মাসে কার্যকর হওয়ার মাধ্যমে আনুষ্ঠানিকভাবে বাণিজ্যযুদ্ধের সূচনা ঘটে; যা স্নায়ুযুদ্ধে রূপ নেয়।

**ঘুমন্ত চীন জেগে ওঠে :** গণচীনের প্রতিষ্ঠাতা মাও সে তুং-এর পর প্রেসিডেন্ট শি জিনপিং চীনের সবচেয়ে শক্তিশালী নেতা হিসাবে আবির্ভূত হন। মাওয়ের মতো তিনিও চীনের কমিউনিস্ট পার্টির (সিসিপি) 'মূল' নেতা এবং কোনো উত্তরসূরি বা মেয়াদসীমার বাধ্যবাধকতা ছাড়াই আজীবন ক্ষমতায় থাকার পথ সুগম করেন। ঠিক এ সময়ে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প চীনের ঘুম ভেঙে দেন। জেগে উঠে চীন। নেপোলিয়নের উক্তি অনুযায়ী 'বিশ্বকে কাঁপিয়ে' দেওয়ার জন্য দেশটি প্রস্তুত হতে থাকে।

**ওল্ফ ওয়ারিয়র কূটনীতি :** প্রেসিডেন্ট শি জিনপিং ক্ষমতা সুসংহত করে নড়েচড়ে বসেন। ২০১৯-২০ সালের দিকে তিনি বেশি আলোচনায় আসেন। অনেক বিশ্লেষকের মতে, শি-এর সময়ে চীন আরও আত্মবিশ্বাসী হয়ে ওঠে এবং পররাষ্ট্রনীতিতে 'ওল্ফ ওয়ারিয়র কূটনীতি' চালু করে। ওল্ফ কূটনৈতিক ধারা হলো, চীনা কূটনীতিকরা আগের তুলনায় অনেক বেশি আক্রমণাত্মক, দৃঢ় এবং প্রকাশ্য ভাষায় চীনের স্বার্থ রক্ষা করেন। এ নামটি এসেছে চীনের জনপ্রিয় দেশপ্রেমের বিষয় নিয়ে তৈরি অ্যাকশন চলচ্চিত্র ওল্ফ ওয়ারিয়র এবং ওল্ফ ওয়ারিয়র ২ থেকে। ওল্ফ ওয়ারিয়র কূটনীতি হলো এমন একটি কৌশল, যেখানে চীন প্রয়োজনে আপসহীন ও প্রকাশ্যভাবে নিজের অবস্থান তুলে ধরে, যেখানে আগে তুলনামূলকভাবে সংযত ভাষা বেশি ব্যবহৃত হতো। এ কূটনীতির বৈশিষ্ট্যগুলো হলো : ১. বিদেশি সরকার বা গণমাধ্যমের সমালোচনার তীব্র জবাব দেওয়া। ২. সামাজিক যোগাযোগমাধ্যমে সক্রিয়ভাবে চীনের অবস্থান তুলে ধরা। ৩. তাইওয়ান, হংকং, জিনজিয়াং ও দক্ষিণ চীন সাগরের মতো ইস্যুতে কঠোর অবস্থান নেওয়া। ৪. চীনের সার্বভৌমত্ব ও জাতীয় স্বার্থকে সর্বোচ্চ গুরুত্ব দেওয়া।



**'ওল্ফ ওয়ারিয়র কূটনীতি' : বাংলাদেশ প্রসঙ্গ :** চীনের কূটনৈতিক তৎপরতার মুখে পড়েছে বাংলাদেশের সঙ্গে বন্ধুত্বের বিষয়। চীন আনুষ্ঠানিকভাবে ঘোষণা দিয়ে বলেছে : ১. 'চীন বাংলাদেশকে জাতীয় স্বাধীনতা, সার্বভৌমত্ব ও ভূখণ্ডগত অখণ্ডতা সমুন্নত রাখতে এবং বিদেশি হস্তক্ষেপ প্রত্যাখ্যান করতে সমর্থন করে।' ২. চীনের বাংলাদেশস্থ দূতাবাস ফেসবুক পেজে পোস্ট দিয়ে জানিয়েছে, 'বৃহত্তর আঞ্চলিক সংযোগের জন্য চীন-মিয়ানমার-বাংলাদেশ অর্থনৈতিক সংযোগ সড়ক উন্নয়নে বাংলাদেশের সঙ্গে কাজ করতে চীন প্রস্তুত রয়েছে।' ৩. চীন তিস্তা মহাপরিকল্পনা বাস্তবায়নে বাংলাদেশকে সাহায্য করতে প্রস্তুত। বাংলাদেশের উত্তরাঞ্চলের জনজীবনের মান উন্নয়ন ও দেশের উত্তরাঞ্চলের কৃষি খাতের স্বার্থে তারেক রহমানের নেতৃত্বাধীন বিএনপি সরকারও যে কোনো মূল্যে তিস্তা প্রকল্প বাস্তবায়ন করতে চায়। তবে এ ক্ষেত্রেও রয়েছে আঞ্চলিক ভূ-রাজনীতির চ্যালেঞ্জ।

**অর্থনৈতিক করিডর :** চীনের প্রস্তাবিত অর্থনৈতিক করিডরে যুক্ত হতে বাংলাদেশ কোথায় কোথায় চ্যালেঞ্জ মোকাবিলা করতে পারে, তা নিয়ে পর্যালোচনা শুরু হয়েছে। অর্থনৈতিক ও যোগাযোগের রুট হিসাবে চীনের করিডর তৈরির প্রস্তাব এর আগেও বিভিন্ন সময় আলোচনায় এসেছে। 'বেল্ট অ্যান্ড রোড ইনিশিয়েটিভ', চীনের এ প্রকল্প বিসিআইএম নামে পরিচিত। বাংলাদেশ-চীন-ভারত ও মিয়ানমারের মধ্যে অর্থনৈতিক করিডরের প্রস্তাব একযুগেরও বেশি সময় আগে ২০১৩ সালে সামনে এনেছিল বেইজিং। কিন্তু ভারতের আপত্তির কারণে তা এগোয়নি। পরে ভারতকে বাদ দিয়েই চীন মিয়ানমারের সঙ্গে অর্থনৈতিক করিডর তৈরির পরিকল্পনা করে, তাতে বাংলাদেশকে যুক্ত করার বিষয়টি আসে।

**নতুন দিগন্ত উন্মোচনের প্রস্তাব :** প্রধানমন্ত্রী তারেক রহমান গত ২২ জুন থেকে যখন তিন দিনের সফরে চীনে ছিলেন, তখন তার সঙ্গে বৈঠকে অর্থনৈতিক করিডরের ওই প্রস্তাব দিয়েছেন চীনের প্রেসিডেন্ট শি জিনপিং। তবে এ প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে আলোচনায় এরপর ৩৮ পৃষ্ঠায়



> ২০১৭ সাল থেকে শুরু হওয়া বর্তমান স্নায়ুযুদ্ধের সময়েও পূর্বের স্নায়ুযুদ্ধের মতো বহু দেশ যে ভেঙে যাবে এবং নতুন নতুন পতাকা আসবে দৃশ্যপটে, তার আলামত দেখা যাচ্ছে। বিপদ উতরে বাংলাদেশকে এগিয়ে নিয়ে যেতে হবে : বাংলাদেশের জনগণ ১৯৭৫ সালের ৭ নভেম্বর সিপাহি জনতার বিপ্লবের সময় ট্রয়ের রাজপুত্র প্যারিসের মতো একজন বীরকে পেয়েছিলেন- তিনি হলেন ১৯৭১ সালের স্বাধীনতা যুদ্ধের ঘোষক, বীর উত্তম খেতাবধারী মেজর জেনারেল জিয়াউর রহমান। জিয়া খুঁজে বের করেছিলেন আধিপত্যবাদী শক্তির 'একিলিস হিল' (দুর্বলতম স্থান)- তিনি এ অশুভ শক্তির বিরুদ্ধে বাংলাদেশের জনগণকে ঐক্যবদ্ধ করেছিলেন। শহীদ জিয়ার সন্তান তারেক রহমান এখন বাংলাদেশের প্রধানমন্ত্রী, পারবেন কি তিনি জিয়াউর রহমানের মতো দৃঢ়চিত্তে আধিপত্যবাদী শক্তিকে রুখে দিতে? জনগণ প্রস্তুত, তারা শুধু দিকনির্দেশনার অপেক্ষায় রয়েছেন

# ব্রাজিল-আর্জেন্টিনা : হাজার মাইল দূরের দুই দেশ কীভাবে বাংলাদেশের ঘরের দল হলো

ইরফান রহমান

> ম্যারাডোনা দেখিয়েছেন ছোট মানুষও সাম্রাজ্যের চোখে চোখ রাখতে পারে। মেসি দেখিয়েছেন দীর্ঘ অপেক্ষার শেষে কান্নাও জয়ে বদলে যেতে পারে। আর ২০২৬ সালের নরওয়ের রাত মনে করিয়ে দিল-সবচেয়ে প্রিয় দলও কখনো হেরে যায়, কিন্তু ভালোবাসা সব সময় স্কোরলাইনে শেষ হয় না। তাই বিশ্বকাপের রাতে বাংলাদেশের কোনো গ্রামে যখন একটি শিশু বাবার পুরোনো আর্জেন্টিনা জার্সি পরে টিভির সামনে বসে, অথবা কোনো মফস্বলে এক তরুণ ব্রাজিলের পতাকা টাঙিয়ে হারের পরও খুলে ফেলতে দেরি করে, তখন তারা শুধু একটি বিদেশি দলকে সমর্থন করে না। তারা আসলে ফুটবলের ভেতর দিয়ে নিজেদের স্বপ্ন, নিজেদের বেদনা, নিজেদের উৎসবকে নতুন করে সাজিয়ে নেয়। বাংলাদেশ বিশ্বকাপে নেই-এ কথা পরিসংখ্যানের সত্য। কিন্তু বিশ্বকাপ বাংলাদেশে নেই-এ কথা ঘুণাক্ষরেও সত্য নয়

ঢাকার কোনো গলিতে ঢুকলেই এখন বোঝা যায়, এবারের বিশ্বকাপ শুধু যুক্তরাষ্ট্র, কানাডা আর মেক্সিকোতেই হচ্ছে না। এর আরেকটি আবেগের আয়োজক যেন বাংলাদেশও। বারান্দা থেকে বারান্দায় উড়ছে আকাশি-সাদা, সবুজ-হলুদ। কোথাও তিনতলা বাড়ির সমান পতাকা, কোথাও চায়ের দোকানের টেবিলে মেসি-নেইমার নিয়ে উত্তপ্ত আলোচনা। রাত যত গভীর হয়, টেলিভিশনের আলোয় তত জেগে ওঠে শহর, মফস্বল, গ্রাম। বাংলাদেশের জাতীয় ফুটবল দল কোনো দিন বিশ্বকাপে খেলেনি; তবু বিশ্বকাপ এ দেশে কখনোই পুরোপুরি 'বিদেশি' আসর হয়ে থাকেনি।



২০২৬ বিশ্বকাপ চলছে উত্তর আমেরিকার তিন দেশ যুক্তরাষ্ট্র, কানাডা, মেক্সিকোতে। এবারই প্রথম বিশ্বকাপ ৪৮ দলের, ১১ জুন থেকে ১৯ জুলাই পর্যন্ত চলা এই আসর ফুটবল ইতিহাসে নতুন অধ্যায়। অথচ বাংলাদেশের মানুষের আবেগের মানচিত্রে এখনো সবচেয়ে উজ্জ্বল দুটি দেশ-আর্জেন্টিনা ও ব্রাজিল। প্রশ্ন হলো, হাজার হাজার কিলোমিটার দূরের দুটি দক্ষিণ আমেরিকান দেশের সঙ্গে বাংলাদেশের মানুষের এই আত্মীয়তা তৈরি হলো কীভাবে?

এর উত্তর এক দিনে তৈরি হয়নি। এর ভেতরে আছে পেলের রূপকথা, ম্যারাডোনার বিদ্রোহী জাদু, বিটিভির সাদা-কালো পর্দা, স্বাধীনতা-পরবর্তী বাংলাদেশের স্বপ্ন, ব্রিটিশ ঔপনিবেশিক স্মৃতি, স্যাটেলাইট টিভির বিস্তার, মেসির দীর্ঘ অপেক্ষার জয়, আর নিজেদের ফুটবলহীনতার ভেতরেও ফুটবলকে ভালোবাসতে থাকা এক দেশের গল্প।

**ফুটবল ছিল আগে থেকেই ঘরের খেলা**

বাংলাদেশে বিশ্বকাপ পাগলামি দেখে অনেকে মনে করেন, এ দেশের ফুটবলপ্রেম বুঝি শুধু আর্জেন্টিনা-ব্রাজিলকে ঘিরেই তৈরি। বিষয়টি পুরোপুরি ঠিক নয়। স্বাধীনতার আগেও পূর্ব বাংলায় ফুটবল ছিল জনপ্রিয় খেলা। স্বাধীনতার পর ঢাকা, নারায়ণগঞ্জ, চট্টগ্রাম, বরিশাল, খুলনা, রাজশাহী-বিভিন্ন শহরে ফুটবল ছিল বড় সামাজিক ঘটনা। আবাহনী-মোহামেডান ম্যাচ মানেই ছিল স্টেডিয়ামে মানুষের ঢল, পাড়ায় পাড়ায় তর্ক, পতাকা, ব্যানার, রেডিও-টিভির সামনে অপেক্ষা।

এই যে দলভাগ করে ফুটবল ভালোবাসার সংস্কৃতি-এটি বাংলাদেশে আগে থেকেই ছিল। বিশ্বকাপ এসে শুধু সেই আবেগকে আন্তর্জাতিক রঙ দিয়েছে। আগে ছাদে উড়ত আবাহনী-মোহামেডানের পতাকা; পরে সেখানে জায়গা করে নেয় ব্রাজিল ও আর্জেন্টিনা। অর্থাৎ বাংলাদেশের মানুষ বিশ্বকাপের আগে থেকেই জানত, ফুটবলে একটি দল শুধু দল নয়; সেটি পরিচয়, স্মৃতি, অহংকার, কখনো পারিবারিক উত্তরাধিকারও।

আরেকটি ইতিহাসও মনে রাখা জরুরি। ১৯৭১ সালে স্বাধীন বাংলা ফুটবল দল ভারতের বিভিন্ন স্থানে প্রীতি ম্যাচ খেলে মুক্তিযুদ্ধের পক্ষে জনমত ও অর্থ সংগ্রহ করেছিল। সেই দল বাংলাদেশের ফুটবল ইতিহাসে শুধু ক্রীড়া দল নয়, মুক্তিযুদ্ধের অংশ হিসেবেও স্মরণীয়। তাই বাংলাদেশের ফুটবলপ্রেমের শিকড় মাঠের চেয়েও গভীরে-এটি জাতির স্মৃতি, সংগ্রাম ও আবেগের সঙ্গে যুক্ত।

**ব্রাজিল : পেলের আলোয় দরিদ্র দেশের স্বপ্ন :** বাংলাদেশে ব্রাজিল-সমর্থনের শিকড় খুঁজতে গেলে পেলের নাম এড়ানো যায় না। পেলে ছিলেন এমন এক ফুটবলার, যিনি শুধু ব্রাজিলকে নয়, পুরো ফুটবলকে একরকম কবিতায় পরিণত করেছিলেন। দরিদ্র পরিবার থেকে উঠে আসা এক কৃষ্ণাঙ্গ কিশোর বিশ্ব ফুটবলের রাজা হয়ে উঠলেন-এই গল্প বাংলাদেশের মতো নবীন, দরিদ্র, যুদ্ধবিধ্বস্ত দেশে আলাদা অর্থবহ হয়ে উঠেছিল।

পেলে ১৯৫৮, ১৯৬২ ও ১৯৭০ বিশ্বকাপজয়ী ব্রাজিল দলের অংশ ছিলেন। ব্রাজিল বিশ্বকাপ জিতেছে পাঁচবার-১৯৫৮, ১৯৬২, ১৯৭০, ১৯৯৪ ও ২০০২ সালে। এই সাফল্যই ব্রাজিলকে বিশ্ব ফুটবলের সবচেয়ে জনপ্রিয় দলগুলোর একটিতে পরিণত করে।

কিন্তু বাংলাদেশের মানুষের কাছে ব্রাজিল শুধু সাফল্যের দল নয়; ব্রাজিল মানে সৌন্দর্য। ব্রাজিল মানে বল পায়ে ছন্দ, ড্রিবল, আনন্দ, রঙ, শরীরের ভাষা। ইউরোপীয় ফুটবলের শৃঙ্খলিত শক্তির বিপরীতে ব্রাজিলের ফুটবল ছিল নাচের মতো। বাংলাদেশের গ্রামের কাদামাটির মাঠে, খালি পায়ে, বাঁশের গোলপোস্টে যে ফুটবল খেলা হতো, সেখানে জয় যেমন গুরুত্বপূর্ণ ছিল, আনন্দও তেমনই ছিল বড়। ব্রাজিলের খেলায় সেই আনন্দের প্রতিধ্বনি খুঁজে পেয়েছিল বাংলাদেশ। সত্তর-আশির দশকের ব্রাজিলভক্তদের কাছে পেলে, জিকো, সক্রেটিস, ফালকাও-এসব নাম ছিল কিংবদন্তি। পরে এলেন রোমারিও, বেবেতো, রোনালদো, রিভালদো, রোনালদিনিও, কাকা, নেইমার। এক প্রজন্ম আরেক প্রজন্মকে গল্প শুনিয়েছে, 'আমাদের সময় ব্রাজিল এমন খেলত।' এভাবেই ব্রাজিল-সমর্থন শুধু ফুটবল বিশ্লেষণ নয়, পারিবারিক স্মৃতি হয়ে উঠেছে।

**আর্জেন্টিনা : ম্যারাডোনা, ইংল্যান্ড আর এক অদ্ভুত প্রতিশোধ :** বাংলাদেশে আর্জেন্টিনা-সমর্থনের সবচেয়ে বড় মোড় ১৯৮৬ বিশ্বকাপ। মেক্সিকোর আজটেকা স্টেডিয়ামে ২২ জুন আর্জেন্টিনা মুখোমুখি হয় ইংল্যান্ডের। ম্যাচটি হয়েছিল ফকল্যান্ড যুদ্ধের চার বছর পর, যখন আর্জেন্টিনা ও ব্রিটেনের রাজনৈতিক উত্তেজনা স্মৃতিতে তাজা। সেই ম্যাচে ডিয়েগো ম্যারাডোনা দুটি গোল করেন-একটি বিতর্কিত 'হ্যান্ড অব গড', আরেকটি এরপর ৩৯ পৃষ্ঠায়



বিসমিল্লাহির রাহমানির রাহিম

# বনভোজন ২০২৬



আকর্ষণীয় র‍্যাফেল ড্র,
নিউইয়র্ক-ঢাকা এয়ার টিকেট
স্বর্ণালংকার, ৬৫" টিভি,
ও আকর্ষণীয় ১০টি পুরস্কার

বিশেষ আকর্ষণ
র‍্যাফেল ড্র
ও ক্রীড়া প্রতিযোগিতা

## ১২ জুলাই, রবিবার

**Heckscher State Park**
Taylor Pavilion
1 Heckscher State Parkway, East Islip, NY 11730



সকাল ১০টার মধ্যে নিজস্ব পরিবহনে
পিকনিক এর নির্ধারিত স্থানে
পৌছানোর জন্য অনুরোধ করছি।

সংগীত পরিবেশন করবেন
জনপ্রিয় সংগীতশিল্পী
**টিনা রাসেল, রাজীব**
সাংস্কৃতিক অনুষ্ঠান পরিচালনা করবেন
মোহাম্মদ এনামুল হক চৌধুরী

আপনারা সকলে আমন্ত্রিত

বনভোজনের জন্য নির্ধারিত কোন ফি নাই।

যাতায়াত নিজস্ব পরিবহন

অর্থ কমিটি
মোঃ নুরুল আমিন
917-294-4046

### আমন্ত্রনেঃ

| আহবায়ক | প্রধান সমন্বয়কারী | সদস্য সচিব |
|---|---|---|
| মো: শফিকুল আলম<br>646-457-5746 | মোহাম্মদ ঈসা<br>718-709-1371 | চৌধুরী আজিজ<br>929-335-8175 |
| **যুগ্ম আহবায়ক** | **সমন্বয়কারী** | **যুগ্ম সদস্য সচিব** |
| মোহাম্মদ কলিম উল্লাহ<br>ইমরুল কায়সার | তানিম মহসিন<br>জাবের শফি | মোহাম্মদ আকতার হোছাইন<br>মোহাম্মদ মহিম উদ্দিন |

### সার্বিক সহাযোগিতায়ঃ

মোহাম্মদ আলী নুর , হাজী টি আলম , ফরিদ আহমেদ চৌধুরী, অজয় তালুকদার, মোহাম্মদ নাসির চৌধুরী, পল্লব রায়।

### সার্বিক তত্ত্বাবধানেঃ

আব্দুর রহিম, মোহাম্মদ হানিফ, কাজী শাখাওয়াত হোসেন আজম, মোহাম্মদ শামসুল আলম চৌধুরী, মনির আহম্মদ, মুহাম্মদ ইলিয়াছ মিঞা, মুহাম্মদ ওয়াহিদী, সরওয়ার জামান সিপিএ, জুবায়ের মানিক, সৈয়দ মোরশেদ রিজভী চৌধুরী, মোহাম্মদ সেলিম, মুহাম্মদ এনাম চৌধুরী, কামাল হোসেন মিঠু, মুহাম্মদ শাহজাহান, আবুল কাশেম চট্টলা, আবু তালেব চৌধুরী চান্দু, তরিকুল হায়দার চৌধুরী, সরওয়ার হোসেন, কাজী আশরাফ হোসেন নয়ন, মুহাম্মদ সরোয়ার, মোহাম্মদ নুরুল আনোয়ার, আরিফ চৌধুরী, জামাল চৌধুরী, মোহাম্মদ দিদারুল আলম, মোহাম্মদ জাকির, খোকন কে চৌধুরী, শ্রাবনী সিপিএ, নবী চৌধুরী, ইব্রাহিম দিপু, নওশাদ কামাল, নুরুল আজিম, খোরশেদ খন্দকার, হাজী তৌহিদুল আলম, মুহাম্মদ আমিন, মুহাম্মদ শওকত হোসেন, মিজানুর রহমান জাহাঙ্গীর, সৈয়দ এম হোসেন বাবর, সাহাব উদ্দিন চৌধুরী (লিটন), মতিউর চৌধুরী, মোহাম্মদ শাহ নুর, মোহাম্মদ সাইফুদ্দিন চৌধুরী, মুহাম্মদ জাহাঙ্গীর আলম, হেলাল মাহমুদ, ফোরকান উদ্দীন, আশ্রাব আলী খান (লিটন), মোঃ মুজিবুর রহমান, মুহাম্মদ দিদারুল আলম, মুহাম্মদ কাউছার, মোহাম্মদ মেজবাহ উদ্দিন, শওকত স্বজন, মুহাম্মদ শাহাজাহান, আবুল কালাম, মোঃ নাজিম উদ্দিন, মোঃ সেলিম, আব্দুল্লাহ আল মামুন, উত্তম দাশ, মুহাম্মদ জাফর ইকবাল, মুহাম্মদ সোলাইমান, এডভোকেট মুজিবুর রহমান, এডভোকেট হামিদ, ফারুক আলী তালুকদার, মামুনুর রশিদ, মুহাম্মদ শাহনুর, মুহাম্মদ মির হোসেন, মুহাম্মদ নজরুল, প্রফেসর ইকবাল, সিরাজুল ইসলাম, মুহাম্মদ মানু, নজরুল চৌধুরী, মুহাম্মদ করিম, মুহাম্মদ মহিউদ্দিন, মুহাম্মদ রাশেদুল আলম, মুহাম্মদ সওকত, নিকিল বাবু, শম্রাট, মুহাম্মদ বাবলু, মুহাম্মদ বাছন আলী, মুহাম্মদ হাসান, রিংকু চৌধুরী, তৌহিদুল আলম চৌধুরী, বেলাল হোসেন ও কাজী এমরান।

### নিবেদকঃ

| | |
|---|---|
| মোহাম্মদ আবু তাহের<br>সভাপতি<br>917-775-4178 | মোহাম্মদ আরিফুল ইসলাম<br>সাধারণ সম্পাদক<br>646-932-4342 |

## চিটাগাং এসোসিয়েশন অব নর্থ আমেরিকা ইন্‌ক
## Chittagong Association of North America Inc.

প্রচর ও প্রকাশনা সম্পাদক জাবের শফি কর্তৃক প্রচারিত।










## রূপসী চাঁদপুর ফাউন্ডেশনের বনভোজন অনুষ্ঠিত

৬২ পৃষ্ঠার পর

